ইত্তেফাক

002

তারিখ ... ৮।৮।৯১ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ৩ ...

# কওমী মাদ্রাসার আওতায় ২ লক্ষ শিক্ষার্থী

( ইত্তেফাক রিপোর্ট )

বেসরকারী মাদ্রাসাসমূহকে একটি কেন্দ্রীয় কারিকুলাম ও পরীক্ষা পদ্ধতির আওতায় আনার উদ্দেশ্যে ৩ বৎসর পূর্বে গঠিত কওমী মাদ্রাসা বোর্ড ইতিমধ্যে ৬৫৯টি মাদ্রাসাকে উহার আওতায় আনিয়াছে। গতকাল (রবিবার) এ বোর্ডের কর্মকর্তাগণ জাতীয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে জানান, পাঁচ সহস্র শিক্ষক ও প্রায় দুই লক্ষ শিক্ষার্থীর এ সকল মাদ্রাসায় সিলেবাসে বাংলা, অংক, ইতিহাস, ভূগোল, সমাজ বিজ্ঞান ও রাষ্ট্রবিজ্ঞান অন্তর্ভুক্ত করিয়া চার স্তরে চারটি কেন্দ্রীয় পরীক্ষা ইতিমধ্যে আয়োজন করা হইয়াছে।

গত সপ্তাহে বোর্ডে দ্বিতীয় সাধারণ সম্মেলনে মওলানা মোহাম্মদ ইউনুসকে সভাপতি ও কিশোরগঞ্জের মওলানা আতাউর রহমানকে সাধারণ সম্পাদক করিয়া

( ৮ম পৃঃ ৪-এর কঃ দ্রঃ )

## কওমী মাদ্রাসার আওতায়

( ১ম পৃঃ পর )

বোর্ডের নয়া কেন্দ্রীয়মণ্ডলী গঠন করা হইয়াছে।

বোর্ডের আওতার বাহিরে কওমী মাদ্রাসার সংখ্যা এখনও দুই হাজার। এই কওমী মাদ্রাসা দেওবন্দ আন্দোলনের ফসল।